কর্মসম্পাদন সূচক:- ৩.৪.১ Innovation

## ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড এর কর্মপরিকল্পনা

**পটভূমিঃ**

বর্তমান সরকারের অন্যতম প্রতিশ্রুতি দরিদ্র জনগোষ্টির স্বাস্থ্য সেবা নিশ্চিতকরন এবং তারই প্রেক্ষাপটে এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড ১০০% সরকারী মালিকানাধীন একটি ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসাবে অগ্রনী ভূমিকা পালন করছে। এ প্রতিষ্ঠানটি বর্তমানে জীবন রক্ষাকারী ঔষধ উৎপাদন করে অন্যান্য ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তুলনায় কম মূল্যে দেশের সকল সরকারী হাসপাতাল ও সিভিল সার্জন অফিস ও কমিউনিটি ক্লিনিকে সরবরাহ করে আসছে। এ ছাড়া সরকারের অন্যান্য স্বায়ত্বশাসিত ও আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহে স্বল্প মূল্যে ঔষধ সরবরাহ করে থাকে।

সুষ্টুভাবে সরকারের চাহিদা পুরনের লক্ষ্যে পদক্ষেপ হিসাবে হাইস্পিড ব্লিষ্টার মেশিন, অটোমেটিক লিকুইড লাইনসহ নতুন নতুন যন্ত্রপাতি সংযোজিত হয়েছে। ইডিসিএল দেশীয় ও বৈদেশিক কাঁচামাল ও মোড়ক সামগ্রী ব্যবহারের মাধ্যমে মানসম্পন্ন ঔষধ উৎপাদন করে এবং সরকারের কমিউনিটি ক্লিনিকসহ সকল প্রতিষ্ঠানে চাহিদা অনুযায়ী ঔষধ সরবরাহ করে। সরকারের জনসংখ্যা নিয়ন্ত্রনে সহায়তা করার লক্ষ্যে খুলনা কারখানায় জন্মনিয়ন্ত্রণ সামগ্রী কনডম কারখানা স্থাপন করা হয়েছে এবং এর কাঁচামাল মধুপুর রাবার বাগান, টাঙ্গাইল হতে প্রক্রিয়াকরনের মাধ্যমে সরবরাহ নেয়া হয়।

সরকারের চাহিদা পূরণের লক্ষ্যে জিওবি অর্থায়নে গোপালগঞ্জে ইডিসিএল এর একটি বিশ্বমানের অত্যাধুনিক ঔষধ উৎপাদনের কারখানা স্থাপন কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে, যা হতে পেনিসিলিন প্রোডাক্ট, জন্মনিয়ন্ত্রণ পিল, ইনজেকশন, আয়রন ট্যাবলেট ও আইভি ফ্লুইড উৎপাদিত হবে। ইতিমধ্যে পেনিসিলিন প্রোডাক্ট এর উৎপাদন কার্যক্রম চালু হয়েছে। অন্যান্য প্রোডাক্ট যেমনঃ জন্মনিয়ন্ত্রন পিল, ইনজেকশন, আয়রন ট্যাবলেট ও আইভি ফ্লুইড এর উৎপাদন কার্যক্রম পর্যায়ক্রমে শুরু হবে। বগুড়ায় Cephalosporin plant চালু করা হয়েছে।

মানিকগঞ্জে আন্তর্জাতিক মান সম্পন্ন নতুন ঔষধ কারখানা স্থাপন প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। গোপালগঞ্জ এ Vaccine plant এর DPP তৈরীর জন্য পরামর্শক নিয়োগ দেওয়া হয়েছে। একনেক কতৃক DPP অনুমোদনের পর প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড দেশের সকল বয়সী মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে আধুনিক প্রযুক্তির সাথে তাল মিলিয়ে ঔষধ উৎপাদন ও সরবরাহ করতে সচেষ্ট। চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিগত চ্যালেঞ্জ মোকাবেলায় ইডিসিএলকে আধুনিকভাবে গড়ে তুলতে আন্তরিক। এজন্য ইডিসিএল তার মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নে কাজ করে যাচ্ছে। ইডিসিএল ইতিমধ্যে তার আওতাধীন সকল কারখানা/ইউনিটের কর্মকর্তা- কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লবের উপর কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের পদক্ষেপ গ্রহণ করেছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২০২৩ বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভাবনী পরিকল্পনায় চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে আইন/নীতিমালা/কর্মপরিকল্পা প্রণয়ন কার্যক্রমকে অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের পরিপ্রেক্ষিতে ইডিসিএল পরিকল্পনাটি প্রণয়ন করার উদ্যেগ গ্রহণ করেছে।

27/10/2022

**কর্মপরিকল্পনার রূপকল্পঃ**

মান-সম্মত ও কার্যকরী ঔষধ উৎপাদন করে সাশ্রয়ী মূল্যে ঔষধ ও জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ নিশ্চিত করে স্বাস্থ্য সেবায় উল্লেখযোগ্য ভূমিকা রাখা। চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দেশের সকল নাগরিকের জন্য স্বাস্থ্য সেবা সহজলভ্য করা/মানুষের দোরগোড়ায় পৌছে দেওয়া।

**কর্মপরিকল্পনা অভিলক্ষ্যঃ**

ঔষধ উৎপাদন খাতে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে cGMP গাইডলাইন অনুসরণ করে সক্ষমতা অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক মানসম্মত ঔষধ উৎপাদন করে জন সাধারণের জন্য সরবরাহ নিশ্চিত করা।

**কর্মপরিকল্পনার লক্ষ্যঃ**

ইডিসিএলে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লব প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের কর্মরত ও কর্মচারীদের মানিয়ে নেওয়ার জন্য দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন করা।

**কর্মপরিকল্পনার উদ্দেশ্যঃ**

- চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় ইডিসিএলের প্রস্তুতি
- চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ইডিসিএলের মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি করা
- চতুর্থ শিল্পবিপ্লব সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতার উন্নয়ন
- স্বাস্থ্য সেবায় চতুর্থ শিল্পবিপ্লবের প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা

**মেয়াদঃ**

ইডিসিএলের কর্মপরিকল্পনার সূচকগুলোকে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি এই তিন সময়সীমার মধ্যে বাস্তবায়ন করা হবে। স্বল্পমেয়াদি ১ বছর, মধ্যমেয়াদি-২ বছর দীর্ঘমেয়াদি-৩-৪ বছর।

**বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহঃ**

প্রযুক্তি সবসময় পরিবর্তনশীল কর্মকর্তা-কর্মচারীদের মানিয়ে চলা বা সক্ষমতা অর্জন একটি বড় চ্যালেঞ্জ হতে পারে। নতুন নতুন প্রযুক্তি অনেকে গ্রহণ করতে চাইনা। ইডিসিএল ও অধীনস্থ প্রতিষ্ঠানসমূহে প্রযুক্তিগত দিক দিয়ে দক্ষ জনবলের অভাব রয়েছে। দেশের মানব সম্পদ সংক্রান্ত পুরাতন আইন বিধি-বিধান এবং ব্যবস্থপনা কাঠামো অনেক সময় প্রযুক্তি ব্যবহারে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে। প্রতিষ্ঠানে ধীরগতির ইন্টারনেট কৃত্রিম বুদ্ধিমত্তা বা ব্লক চেইন প্রযুক্তি ব্যবহারে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে।

**কর্মকৌশলঃ**

প্রণীত কর্মপরিকল্পনায় ইডিসিএল ও অধীন কারখানা/ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে সম্যক জ্ঞান দান এবং দক্ষতা উন্নয়নের বিষয়গুলোর উপর জোর দেওয়া হয়েছে। দক্ষ কর্মকর্তাগণ যেকোন পরিস্থিতি নিজেদের মানিয়ে নিতে পারে এবং সেই সাথে পরিবর্তনশীল প্রযুক্তি রপ্ত করতে পারে।

## স্বল্পমেয়াদি কর্মপরিকল্পনা (০১ বছর)

| ক্রমিক নং | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/ টিম | বাস্তবায়ন সময়কাল- ২০২২-২০২৩ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | |
| ১। | ইডিসিএল এর বিভিন্ন কারখানা/ইউনিটের কর্মকর্তাদের চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনা বৃদ্ধির নিমিত্ত প্রশিক্ষণ আয়োজন (অনলাইনে)। | ২টি | প্রশাসন এন্ড এইচআরএম | | | ১টি | ১টি | |
| ২। | নিজ অধিক্ষেত্রে ৪র্থ শিল্প বিপ্লবের ব্যবহার চিহ্নিত করতে সক্ষম হয়েছেন, এমন কর্মকর্তা-কর্মচারীদের আইডিয়া ক্যাম্প আয়োজন। | ১টি | ঐ | | | ১টি | | |
| ৩। | আইড়িয়া চূড়ান্তকরণের জন্য ১টি কর্মশালা আয়োজন। | ১টি | ঐ | | | ১টি | | |
| ৪। | ইডিসিএল এর বিভিন্ন কারখানা/ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক আইডিয়া পর্যালোচনার পর ১টি আইডিয়া বাস্তবায়ন করা। | ০৪.০৫.২৩ | ঐ | | | | ০৪.০৫.২৩ | |
| ৫। | অধস্তন অফিসের কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করার লক্ষ্যে ২টি সভা আহবান ও পর্যালোচনা করা। | ২টি | ঐ | | | ১টি | ১টি | |
| ৬। | ইডিসিএল এর বিভিন্ন কারখানা/ইউনিটের কর্মরত আইডিয়া প্রদানকারী ৫ জন সেরা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান। | ৩০.০৬.২৩ | ঐ | | | | ৩০.০৬.২৩ | |
| ৭। | গৃহিত কার্যক্রমসমূহের ডকুমেন্টেশন এবং বছরের শেষে একটি ই-প্রকাশনা নিশ্চিত করা। | ৩০.০৬.২৩ | ঐ | | | | ৩০.০৬.২৩ | |
| ৮। | ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় অভ্যন্তরস্থ অন্য প্রতিষ্ঠান এর ১টি কার্যক্রম পরিদর্শন করা। | ৩১.০৩.২৩ | ঐ | | | ৩১.০৩.২৩ | | |
| ৯। | ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় ইডিসিএল্ এর বিভাগে নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন। | ৩০.০৬.২৩ | ঐ | | | | ৩০.০৬.২৩ | |
| ১০। | ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন। | ৩১.১০.২২ | ঐ | | ৩১.১০.২২ | | | |
| ১১। | ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনা সংক্রান্ত আদেশ জারী। | ৩১.১০.২২ | ঐ | | ৩১.১০.২২ | | | |
| ১২। | কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ সভা আয়োজন। | ২টি | ঐ | | | ১টি | ১টি | |

## মধ্যমেয়াদি কর্মপরিকল্পনা (০২ বছর)

| ক্রমিক নং | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/ টিম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩। | ইডিসিএল এর আইসিটি কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণের আয়োজন। | ২টি | প্রশাসন এন্ড এইচআরএম | |
| ১৪। | বিভিন্ন কারখানা/ইউনিটের সাথে ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত কর্মশালা আয়োজন। | ১টি | ঐ | |
| ১৫। | বিভাগ ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধির নিমিত্ত জুম সভা আয়োজন। | ২টি | ঐ | |
| ১৬। | অধঃস্তন অফিসের কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করার লক্ষ্যে ২টি সভা আহবান ও পর্যালোচনা করা। | ২টি | ঐ | |
| ১৭। | চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ইডিসিএল এর নীতি প্রণয়ন। | ২টি | ঐ | |
| ১৮। | কর্মপরিকল্পনা বাস্তবায়ন। | প্রয়োজন মতো | ঐ | |
| ১৯। | কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ সভা আয়োজন। | প্রয়োজন মতো | ঐ | |

ntial Drugs Company Limited
% Share Owned by the Government of Bangladesh)
ER THE MINISTRY OF HEALTH & FAMILY WELFARE GOVT. OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

সূত্র নং: ইডিসিএল/এপিএ/২০২২-২৩/ইনোভেশন/অগ্রঃ প্রতিবেদন/২০২৩/১৩৭ তারিখ: ১৬ জুলাই, ২০২৩

বরাবর
অতিরিক্ত সচিব, (প্রশাসন)
চিফ ইনোভেশন কর্মকর্তা
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা - ১০০০।

দৃষ্টি আকর্ষনঃ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪, শাখা)।

বিষয়: এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড এর ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিপরীতে জুলাই - ২০২২ হতে জুন - ২০২৩ পর্যন্ত স্ব-মূল্যায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড এর ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বিপরীতে (জুলাই - ২০২২ হতে জুন - ২০২৩) পর্যন্ত স্ব-মূল্যায়স অগ্রগতি প্রতিবেদন এতদসংগে প্রেরন করা হল।

ধন্যবাদান্তে,

১৬/৭/২৩

(মোঃ আলী মোকাররম)
মহা ব্যবস্থাপক, অডিট, সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক। (অগ্রগতি প্রতিবেদন-০১ পাতা)

**Head Office:**
395-397, Tejgaon Industrial Area, Dhaka-1208
Phone: 48116110-1, 48115865, 58151080, 58152038 (PABX)
FAX: 880-2-58155459, GPO Box No. 2447 Cable, EDCL, Dhaka
Website: www.edcl.gov.bd, E-mail: edcl@edcl.gov.bd

Cephalosporin Plant, Bogura
Khulna Essential Latex Plant, Khulna
Essential Latex Processing Plant, Tangail
Essential Drugs Company Limited, Bogura
Essential Drugs Company Limited, Gopalganj

## ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক (জুলাই ২০২২ হতে জুন ২০২৩) পর্যন্ত স্ব-মূল্যায়ন অগ্রগতি প্রতিবেদন।

**দপ্তর/সংস্থার নাম: এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড, ঢাকা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।**

| ক্রঃ নং | কর্মসম্পাদন ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ | | | | | বার্ষিক মূল্যায়ন (অর্জন) (তারিখ/ সংখ্যা/%) | স্ব-মূল্যায়ন নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | | ৮ | ৯ | ১০ | | |
| ১ | [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] সেবা সহজিকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | তারিখ | ১০ | ০৪/০৫/২০২৩ | ১১/০৫/২০২৩ | ১৮/০৫/২০২৩ | ২৫/০৫/২০২৩ | ৩১/০৫/২০২৩ | ০৪/০৫/২৩ | ১০ |
| | | | [১.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা। | [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ২ | ১৩/১০/২০২২ | ২৭/১০/২০২২ | ১০/১১/২০২২ | - | - | ১০/১০/২০২২ | ২ |
| | | | | [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবারসমূহ চালুকৃত | তারিখ | ৭ | ০৪/০৫/২০২৩ | ১১/০৫/২০২৩ | ১৮/০৫/২০২৩ | ২৫/০৫/২০২৩ | ৩১/০৫/২০২৩ | ০৪/০৫/২০২৩ | ৭ |
| | | | [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি। | [১.৩.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | % | ৪ | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ৬০% | - | - |
| | | | [১.৪] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন। | [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ৪ | ৩১/১০/২০২২ | ১৬/১১/২০২২ | ৩০/১১/২০২২ | ১৫/১২/২০২২ | ২৯/১২/২০২২ | ৩১/১০/২০২২ | ৪ |
| | | | | [১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৩ | ২ | - | ১ | - | - | ১ | ১.৫০ |
| ২ | [২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ২০ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে) | সংখ্যা | ৬ | ৪ | ৩ | - | ২ | - | - | - |
| | | | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত। | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | - | - | ২ | ১ |
| | | | | [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত। | % | ৩ | ৮০% | ৭০% | ৬০% | ৫৫% | ৫০% | - | - |
| | | | | [২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত। | তারিখ | ৩ | ১৫/০১/২০২৩ | ২২/০১/২০২৩ | ৩১/০১/২০২৩ | ০৯/০২/২০২৩ | ১৬/০২/২০২৩ | - | - |
| | | | | [২.২.৪]আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত। | তারিখ | ২ | ৩১/০১/২০২৩ | ০৯/০২/২০২৩ | ১৬/০২/২০২৩ | ২৩/০৫/২০২৩ | ২৮/০২/২০২৩ | - | - |
| | | | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত | তারিখ | ৩ | ৩১/০৫/২০২৩ | ৩০/০৬/২০২৩ | - | - | - | - | - |
| | | | | | | | | | | | | সর্বমোট | ২৫.৫০ |

## দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা (৩ থেকে ৪ বছর)

| ক্রমিক নং | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/ টিম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২০। | ইউডিসিএল এর আইসিটি কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণের আয়োজন। | ২টি | প্রশাসন এন্ড এইচআরএম | |
| ২১। | বিভিন্ন কারখানা/ইউনিটের সাথে ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত কর্মশালা আয়োজন। | ১টি | ঐ | |
| ২২। | বিভিন্ন কারখানা/ইউনিটের কর্মকর্তাদের চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধির নিমিত্ত জুম সভা আয়োজন। | ২টি | ঐ | |
| ২৩। | অধঃস্তন অফিসের কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করার লক্ষ্যে ২টি সভা আহবান ও পর্যালোচনা করা। | ২টি | ঐ | |
| ২৪। | চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ইউডিসিএল এর নীতি প্রণয়ন। | ২টি | ঐ | |
| ২৫। | কৃত্রিম বুদ্ধিমত্তাসম্বলিত সফটওয়্যার প্রস্তুত। | ১টি | ঐ | |
| ২৩। | অফিস ব্যবস্থাপনা ডিজিটাইজেশন। | ১টি | ঐ | |

27/10/2023